| 14              |          | 4        |          | 3        |          | 4        |          | 3        |   |
| 13              |          | 3        |          | 3        |          | 4        |          | 3        |   |
| 12              |          | 3        |          | 3        |          | 3        |          | 3        |   |
|                 |          |          |          |          |          |          |          |          |   |
| <b>3 Groups</b> | <b>1</b> | <b>2</b> | <b>3</b> | <b>4</b> | <b>5</b> | <b>6</b> | <b>7</b> | <b>8</b> | <b>Participation: 9-11 Competitors</b>  |
| <b>Seed ▶</b>   |          | <b>3</b> |          | <b>2</b> |          |          |          | <b>1</b> |   |
| 11              |          | 4        |          | 4        |          |          |          | 3        | The first and runner-up of each Group, as well as the best two number threes qualify. |
| 10              |          | 4        |          | 3        |          |          |          | 3        |   |
| 9               |          | 3        |          | 3        |          |          |          | 3        |   |
| <b>2 Groups</b> | <b>1</b> | <b>2</b> | <b>3</b> | <b>4</b> | <b>5</b> | <b>6</b> | <b>7</b> | <b>8</b> | <b>Participation: 6-8 Competitors</b>   |
| <b>Seed ▶</b>   |          |          |          | <b>2</b> |          |          |          | <b>1</b> |   |
| 8               |          |          |          | 4        |          |          |          | 4        | The first and runner-up of each Group, will compete directly in the semifinals.       |
| 7               |          |          |          | 4        |          |          |          | 3        |   |
| 6               |          |          |          | 3        |          |          |          | 3        |   |
| <b>1 Group</b>  | <b>1</b> | <b>2</b> | <b>3</b> | <b>4</b> | <b>5</b> | <b>6</b> | <b>7</b> | <b>8</b> | <b>Participation: 3-5 Competitors</b>   |
| <b>Seed ▶</b>   |          |          |          |          |          |          |          | <b>1</b> |   |
| 5               |          |          |          |          |          |          |          | 5        | Final between first and runner-up of the Group, and only one bronze medal bout.       |
| 4               |          |          |          |          |          |          |          | 4        |   |
| 3               |          |          |          |          |          |          |          | 3        |   |

3.7.12 Should both Competitors, or teams, be disqualified for technical mistake during a medal bout/match, they will both perform an additional kata to determine the result. If this pertains to teams, no Bunkai will be required.

৩.৭.১২ টেকনিক্যাল ভুলের কারণে মেডেল বাউটে যদি উভয় প্রতিযোগী বা টিম অযোগ্য ঘোষিত হয়ে যায়

সেক্ষেত্রে, ফলাফল নির্ধারণে প্রয়োজনে উভয়ে, একটি বাড়তি কাতা করবে। টিম ইভেন্টের ক্ষেত্রে এমন হলে এই বাড়তি কাতার বুনকাই করার প্রয়োজন হবে না।

### 3.8 Two pool Round-robin competition

#### ৩.৮ দুই পুল বিশিষ্ট রাউন্ড রবিন প্রতিযোগিতা

3.8.1 For multiple sport games, such as continental games, Olympic Games, or other multisport events, the format of competition will be determined for each event depending on modalities included and restriction in participation.

৩.৮.১ মাল্টিপল গেমসভুক্ত টুর্নামেন্ট যেমন কন্টিনেন্টাল গেমস, অলিম্পিক গেমস, এবং অন্যান্য মাল্টিস্পোর্টস ইভেন্টের ক্ষেত্রে প্রতিযোগিতার ফরমেট হবে আয়োজক সংস্থা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এবং অংশগ্রহণকারীদের সংখ্যা সীমাবদ্ধতাকে বিবেচনায় রেখে।

### 3.9 Kata competition for those under 14 years of age

#### ৩.৯ অনূর্ধ্ব ১৪ বছরের ক্ষেত্রে কাতা প্রতিযোগিতার নিয়মাবলী

3.9.1 There are no specific deviations from the standard rules, but a limitation to the Kata list to less advanced Kata may be used.

৩.৯.১ কাতা প্রতিযোগিতার সাধারণ নিয়মাবলীর এক্ষেত্রে উল্লেখযোগ্য কোন ভিন্নতা নেই তবে কম জটিল এবং সীমিত সংখ্যক কাতা নির্দিষ্ট করে দেয়া যেতে পারে।

### 3.10 Coaching

#### ৩.১০ কোচিং

3.10.1 In World Championships, Kata coaches need to be part of a National Federation delegation and have the required Coach certification level, when acting during the bout of a Competitor.

৩.১০.১ কাতা কোচদের, বিশ্ব চ্যাম্পিয়নশিপের সময় স্ব-স্ব ন্যাশনাল ফেডারেশনের প্রতিনিধি দলে অন্তর্ভুক্ত হিসেবে অংশগ্রহণ করতে হয় এবং প্রতিযোগীদের কোচ হিসেবে দায়িত্ব পালনের জন্য প্রয়োজ্য পর্যায়ের কোচ সার্টিফিকেশন থাকতে হয়।

---

## ARTICLE 4: THE JUDGING PANEL

### অধ্যায় ৪ : বিচারক প্যানেল

---

- 4.1 For all official WKF competitions the panel of seven Judges for each round will be designated by random selection deploying a computer program.
- ৪.১ সমস্ত অফিসিয়াল WKF প্রতিযোগিতার প্রতিটি রাউন্ডের জন্য সাতজন বিচারকের প্যানেল একটি কম্পিউটার প্রোগ্রামে প্রবেশ করিয়ে রেনডম সিলেকশন পদ্ধতিতে মনোনীত করা হবে।
- 4.2 For each mat, one Judge is designated as the Tatami Manager and will assume the lead in conducting any required communication with the Software technician and handle any unanticipated issue among the Judges.
- ৪.২ প্রতিটি ম্যাটের জন্য, একজন জাজকে, তাতামি ম্যানেজার হিসাবে মনোনীত করা হবে এবং তিনি সফটওয়্যার টেকনিশিয়ান সাথে প্রয়োজনীয় যোগাযোগের দায়িত্ব গ্রহণ করবেন এবং জাজদের মধ্যে যে কোন অপ্রত্যাশিত সমস্যা উদ্ভব হলে তা সমাধান করবেন।
- 4.3 Judges-deployment and panel allocation for the eliminatory rounds: The RC Secretary will facilitate to the Software technician handling the electronic drawing system a list containing the Judges available per Tatami. This list is done by the RC Secretary once the Competitors draw is finished and at the end of the Referees' briefing. This list must only contain Judges present at the briefing and must comply with the above-mentioned criteria. Then for the Judges' draw the Software Technician will enter the list in the system and seven Judges out of each Tatami deployment will be randomly selected as judging panel.
- ৪.৩ রেফারী ও জাজগন নিয়োগ এবং প্যানেল বন্টনঃ রেফারী কমিশন সেক্রেটারী ম্যাট সমূহে বরাদ্দ দেয়ার জন্য হাতে থাকা রেফারীদের তালিকা ইলেকট্রনিক ড্রয়িং সিস্টেম পরিচালনাকারী সফটওয়্যার অপারেটরের কাছে হস্তান্তর করবেন। প্রতিযোগীদের ড্র শেষ হয়ে গেলে এবং রেফারী ব্রিফিং এর শেষে রেফারী কমিশন সেক্রেটারী এই তালিকা তৈরি করবেন। তালিকায় সেই সকল রেফারীদের নাম থাকবে কেবলমাত্র যারা রেফারী ব্রিফিং এ উপস্থিত ছিল এবং অবশ্যই পূর্ববর্তী অনুচ্ছেদ বর্ণিত মানদণ্ড অনুসরণ করতে হবে। তৎপরবর্তীতে, সফটওয়্যার অপারেটর সকল নামের তালিকা সফটওয়্যারে প্রবেশ করাবে এবং প্রত্যেক ম্যাট হতে প্রাপ্ত তালিকা থেকে রেনডম সিলেকশনের মাধ্যমে প্রতি বাউন্টের জন্য রেফারী প্যানেল হিসেবে ৭ জনের নাম মনোনয়ন দিবে।
- 4.4 For medal bouts the Tatami Managers will provide the RC Chairman and the RC Secretary with a list containing available officials from their own Tatami after the last performance of the eliminatory round is finished.

Once the list is approved by the RC Chairman, it will be given to the Software Technician for it to be entered into the system. The system will then randomly allocate the Judging panel, which will only contain the seven Judges.

- 8.8 Elemination Round এর শেষে বাউন্ডের খেলা শেষ হবার পর প্রত্যেক Tatami Managers, তার ম্যাটে উপস্থিত রেফারী অফিসিয়ালদের নামের তালিকা রেফারী কমিশন চেয়ারম্যান ও সেক্রেটারীর কাছে জমা দিবে। উক্ত তালিকা রেফারী কমিশন চেয়ারম্যানের দ্বারা অনুমোদিত হবার পর তা সফটওয়্যার অপারেটরের নিকট হস্তান্তর করা হয়। অপারেটর সকল নামের তালিকা সফটওয়্যারের প্রবেশ করাবে এবং প্রত্যেক ম্যাট হতে প্রাপ্ত তালিকা থেকে রেনডম সিলেকশনের মাধ্যমে রেফারি প্যানেল হিসেবে ৭ জনের নাম মনোনয়ন দিবে।
- 4.5 In addition to the Software Technician, and the Announcer of results - for Team competitions, the panel for medal rounds are also assisted by a Timekeeper keeping track of the maximum performance time.
- 8.৫ দলগত ইভেন্টের মেডেল বাউন্ডে সফটওয়্যার টেকনিশিয়ান এবং ফলাফল ঘোষকের পাশাপাশি পারফরমেন্সের মোট সময়ের হিসাব রাখার জন্য একজন টাইমকিপারের সহযোগীতা নেয়া হয়ে থাকে।
- 4.6 As found expedient, the Announcer and the Software Technician operating the electronic judging system may be the same person.
- 8.৬ কাজের সুবিধার্থে ফলাফল ঘোষক এবং ইলেক্ট্রনিক বিচার ব্যবস্থা পরিচালনাকারী সফটওয়্যার টেকনিশিয়ান একই ব্যক্তি হতে পারে।
- 4.7 Furthermore, the organisers have to provide Runners for each competition area familiar with the WKF Kata list to collect and record the chosen Kata of the Competitors before each round and bring the listing to the Software technician. The Tatami Manager is responsible for overseeing the operation of the Runner(s).
- 8.৭ এছাড়া আয়োজকরা- কাতা লিস্ট সম্পর্কে ধারণা আছে এ রকম কোন ব্যক্তিকে "রানার" মনোনয়ন করবে যিনি প্রতি রাউন্ডের শুরুতে প্রতিযোগীদের পছন্দকৃত কাতার নাম রেকর্ড করে সফটওয়্যার টেকনিশিয়ানের কাছে জমা দিবে। রানারের এর কাজ তত্ত্বাবধানের দায়িত্ব হলো Tatami Manager এর।

---

## ARTICLE 5: EVALUATION

### অধ্যায় ৫ : মূল্যায়ন

---

#### 5.1 Official Kata list

##### ৫.১ অফিসিয়াল কাতা তালিকা

5.1.1 Only Kata from the WKF official Kata list may be performed. The official kata list is found in APPENDIX 1.

৫.১.১ কেবল মাত্র অফিসিয়াল কাতা লিস্ট থেকেই কাতা করতে হবে যা পরিশিষ্ট ১ এ পাওয়া যাবে।

5.1.2 Names of some Kata are duplicated due to the variations customary in spelling in Romanization. In several instances a Kata may be known under a different name from style (Ryu-ha) to style - and in exceptional instances an identical name may in fact be a different Kata from style to style.

৫.১.২ অফিসিয়াল কাতা লিস্টে কিছু কিছু কাতার নাম ভাষাগত বৈশিষ্ট্যের কারণে একাধিকবার এসেছে। অনেক ক্ষেত্রে স্টাইল/রিউ-হা ভেদে একই কাতা ভিন্ন ভিন্ন নামে এসেছে এবং ব্যতিক্রমী ক্ষেত্রে স্টাইলভেদে একই নাম বিশিষ্ট ভিন্ন ভিন্ন কাতাও পাওয়া যাবে।

#### 5.2 Number of Kata required

##### ৫.২ প্রয়োজনীয় কাতার সংখ্যা

5.2.1 In principle a Competitor or Team are to perform a different kata for each round. However, no more than five (5) different kata are required to complete a competition. If the number of participants require a sixth round to win, a kata previously performed may be repeated (only in this sixth bout/match) as long as no kata is repeated twice in succession, one round after the other. The same principle should be applied if a seventh round is required to win.

৫.২.১ নীতিগতভাবে একজন প্রতিযোগী বা একটি টিমের প্রতি রাউন্ডেই একটি ভিন্ন কাতা পারফর্ম করতে হবে। সাধারণভাবে একটি প্রতিযোগীতা সম্পন্ন করার জন্য ৫টির বেশি কাতার প্রয়োজন হয় না। যদি সংখ্যাধিক্যের কারণে ৬ রাউন্ডে প্রতিযোগীতা হয় সেক্ষেত্রে আগের রাউন্ডে করা কাতার পুনরাবৃত্তি করা যাবে (শুধু মাত্র ষষ্ঠ বাউটে এসে), তবে পর পর দুই রাউন্ডে একই কাতা করা যাবে না। একই নীতি প্রযোজ্য হবে যদি প্রতিযোগীতা ৭ম রাউন্ডে গড়ায়।

5.2.2 For competition for those under 14 years of age no more than four (4) kata is required, and above rule of repetition will apply from the fifth round with further repetitions allowed along the same principle for subsequent rounds.

৫.২.২ অনূর্ধ্ব ১৪ বছরের প্রতিযোগীতায় ৪টির বেশী কাতা করার প্রয়োজন হবে না এবং পূর্ববর্তী অনুচ্ছেদে বর্ণিত কাতা পুনরাবৃত্তির নীতিমালা একই প্রক্রিয়ায় ৫ম রাউন্ড থেকে প্রযোজ্য হবে।

5.2.3 Each Competitor/Team are free to select which kata to use for each round provided that the relevant kata is announced for each round and follow the above rules from repetition. The possibility of repeating kata is an opinion and do not prevent any Competitor or Team to perform a new kata for each round regardless of the number of rounds required to win.

৫.২.৩ প্রত্যেক প্রতিযোগী/টিম প্রতিটি রাউন্ডে তার পছন্দ মারফিক কাতা করতে পারবে। শর্ত থাকে যে, প্রতিটি রাউন্ডের কাতা পূর্ব ঘোষিত হতে হবে এবং পূর্ববর্তী অনুচ্ছেদে বর্ণিত কাতা পুনরাবৃত্তির নিয়ামাবলী অনুসৃত হচ্ছে। কাতা পুনরাবৃত্তি করাটা নিতান্তই প্রতিযোগী বা টিমের ইচ্ছাধীন এবং রাউন্ড সংখ্যা যতই হোক না কেন প্রত্যেক প্রতিযোগী প্রতিটি রাউন্ডের জন্য ভিন্ন ভিন্ন কাতা করতে পারবে।

### 5.3 Assessment

#### ৫.৩ মূল্যায়ন পদ্ধতি

5.3.1 The performance is evaluated from the bow starting the Kata until the bow ending the Kata except for team medal matches, where the performance, as well as the timekeeping starts at the bow in the beginning of the Kata and ends when the performers bow after completing the Bunkai.

৫.৩.১ কাতার পারফরমেন্স এর মূল্যায়ন শুরু হয় যখন কাতার শুরুতে bow করা হয় এবং শেষ হয় যখন কাতা পারফরমেন্স এর শেষে bow করা হয়। তবে ব্যতিক্রম হলো দলগত কাতার মেডেল বাউন্টে যেখানে কাতার পারফরমেন্স এর মূল্যায়ন শুরু হয় কাতার শুরুতে bow করা হয় এবং শেষ হয় যখন Bunkai পারফরমেন্স এর শেষে bow করা হয়।

5.3.2 Slight variation as taught by the Competitor's style (Ryu- Ha) of Karate will be permitted.

৫.৩.২ প্রতিযোগীদের কারাতে স্টাইল (Ryu- Ha) অনুসারে কাতার সামান্য variation/ পরিবর্তন অনুমোদনযোগ্য।

### 5.4 Point system

#### ৫.৪ পয়েন্ট প্রদান পদ্ধতি

5.4.1 Performances are given a score using a scale from 5.0 to 10.0 in increments of 0.1 - where 5.0 represents the lowest score possible for a Kata that is accepted as performed - and 10.0 represents a perfect performance. A disqualification is indicated by a 0.0 score.

৫.৪.১ স্কোর প্রদানের সর্বনিম্ন সীমা হয় ৫.০ এবং সর্বোচ্চ সীমা হয় ১০.০ এবং প্রতিক্ষেত্রে ০.১ বা তার গুণিতক হিসেবে স্কোর বাড়ানো হয়। ৫.০ হচ্ছে সর্বনিম্ন স্কোর এবং ১০.০ হচ্ছে সর্বোচ্চ সম্ভাব্য স্কোর। কিন্তু অযোগ্য হিসেবে বিবেচিত হলে স্কোর হবে ০.০।



5.4.2 The system will eliminate the highest and lowest scores.

৫.৪.২ সফটওয়্যার সিস্টেম প্রদত্ত সর্বোচ্চ এবং সর্বনিম্ন এই দুটো নম্বর বাদ দিবে।

| JUDGE 1 | JUDGE 2 | JUDGE 3        | JUDGE 4 | JUDGE 5        | JUDGE 6 | JUDGE 7 | TOTAL |
|---------|---------|----------------|---------|----------------|---------|---------|-------|
| 7.6     | 7.6     | <del>8.2</del> | 7.7     | <del>7.5</del> | 7.8     | 8.1     | 38.8  |

5.4.3 Bunkai are performed for medal matches and are to be given equal importance as the Kata itself.

৫.৪.৩ বুনকাই মেডেল বাউট ম্যাচসমূহে করা হয়, বুনকাইকে কাতার সমপরিমাণ গুরুত্ব দিতে হয়।

## 5.5 Decision

৫.৫ সিদ্ধান্ত

5.5.1 Results of a bout or match are based on the points awarded of five of the seven judges eliminating the highest and lowest score.

৫.৫.১ কোন বাউট বা ম্যাচের ফলাফল নির্ধারিত হয় ৭ জন জাজের দেয়া পয়েন্টের মাঝের সর্বোচ্চ ও সর্বনিম্ন পয়েন্ট দুটি বাদ দিয়ে অবশিষ্ট ৫ জন জাজের পয়েন্টের ভিত্তিতে।

5.5.2 Should the score be equal; the winner is the one having the highest score when including also the lowest score obtained in the performance between the two (Results given by 6 of the 7 Judges).

৫.৫.২ যদি স্কোর সমান হয়ে যায় সেক্ষেত্রে পূর্ববর্তী অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিতে প্রাপ্ত স্কোরের সাথে সর্বনিম্ন প্রাপ্ত স্কোরটি যুক্ত করে মোট প্রাপ্ত স্কোর তুলনা করে বিজয়ী নির্ধারণ করা হয়।

5.5.3 Should the score be equal after also including the lowest score; the winner is the one having the highest score including both the lowest and highest score obtained in the performance between the two (Results given by all 7 Judges).

৫.৫.৩ এরপরও যদি স্কোর সমান হয়ে যায় সেক্ষেত্রে পূর্ববর্তী অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিতে প্রাপ্ত স্কোরের সাথে সর্বনিম্ন এবং সর্বোচ্চ উভয় স্কোর যুক্ত করে মোট প্রাপ্ত স্কোর তুলনা করে বিজয়ী নির্ধারণ করা হয়।

5.5.4 Should the score be equal after including all the 7 judges, the winner is the one with the most votes as the winner from all the 7 judges.

৫.৫.৪ যদি ৭ জন জাজের সকল স্কোর অন্তর্ভুক্ত করার পরেও উভয় প্রতিযোগীর স্কোর সমান হয়ে যায় সেক্ষেত্রে ৭ জন জাজের প্রদত্ত ভোটের সর্বোচ্চ ভোট প্রাপ্তির ভিত্তিতে বিজয়ী নির্ধারণ করা হবে।

5.5.5 For each bout/match won in Round-robin, the Competitor/Team earns 3 Victory points and the loser zero victory points no draw is allowed.

৫.৫.৫ রাউন্ড/ রবিন পদ্ধতিতে, প্রতি বাউট/ম্যাচে বিজয়ের বিপরীতে বিজয়ী প্রতিযোগী/টিম ৩ পয়েন্ট এবং পরাজয়ের বিপরীতে শূন্য পয়েন্ট অর্জন করে; কোন প্রকার ড্র গ্রহণযোগ্য নয়।

5.5.6 For the purpose of uniform application of the scale used in scoring the following guideline applies:

৫.৫.৬ স্কোর প্রদানের সর্বক্ষেত্রে একই মানদণ্ড ব্যবহারের সুবিধার্থে নিম্নলিখিত দিকনির্দেশনা অনুসরণ করতে হবেঃ

|   |                   |                            |
|---|-------------------|----------------------------|
| ➤ | 10/১০             | Perfect/নিখুঁত             |
| ➤ | 9 - 9.9/৯-<br>৯.৯ | Excellent/<br>অসাধারণ      |
| ➤ | 8 - 8.9/৮-<br>৮.৯ | Very good/খুব<br>ভালো      |
| ➤ | 7 - 7.9/৭-<br>৭.৯ | Good/ভালো                  |
| ➤ | 6 - 6.9/৬-<br>৬.৯ | Acceptable/<br>গ্রহণযোগ্য  |
| ➤ | 5 - 5.9/৫-<br>৫.৯ | Insufficient/<br>অপর্যাপ্ত |
| ➤ | 0                 | Disqualified/অ<br>যাগ্য    |

## 5.6 Criteria for evaluation

৫.৬ মূল্যায়নের মানদণ্ড সমূহ

|                         |  |
|-------------------------|--|
| <b>Kata Performance</b> | <b>Bunkai Performance</b><br>(Applicable to Team performances<br>for medals) |
|-------------------------|--|

|   |   |
|---|---|
| <ol style="list-style-type: none"> <li>1. Stances</li> <li>2. Techniques</li> <li>3. Transitional movements</li> <li>4. Timing and synchronisation</li> <li>5. Correct breathing</li> <li>6. Focus (KIME)</li> <li>7. Conformance: Consistency in the performance of the KIHON</li> <li>8. Strength</li> <li>9. Speed</li> <li>10. Balance</li> </ol> | <ol style="list-style-type: none"> <li>1. Stances</li> <li>2. Techniques</li> <li>3. Transitional movements</li> <li>4. Timing &amp; distance (MA-AI)</li> <li>5. Control</li> <li>6. Focus (KIME)</li> <li>7. Conformance (to Kata): Using the actual movements as performed in the Kata.</li> <li>8. Strength</li> <li>9. Speed</li> <li>10. Balance</li> </ol> |
|---|---|

| কাতা ক্ষেত্রে  | বুনকাইয়ের ক্ষেত্রে  |
|--|--|
| <p>ক) দাচী</p> <p>খ) কাতায় ব্যবহৃত টেকনিকসমূহ</p> <p>গ) অবস্থান পরিবর্তন পদ্ধতি</p> <p>ঘ) সঠিক টাইমিং</p> <p>ঙ) সঠিক শ্বাস নিয়ন্ত্রণ</p> <p>চ) আঘাতের একত্রতা বা (KIME)</p> <p>ছ) যে স্টাইল বা (Ryu-ha) এর কাতা করা হবে তার KIHON এ উক্ত স্টাইলের সঠিক প্রতিনিধিত্ব থাকতে হবে।</p> <p>জ) শক্তিমত্তা</p> <p>ঝ) ক্ষীপ্রতা</p> <p>ঞ) শারীরিক ভারসাম্য</p> | <p>ক) দাচী</p> <p>খ) কাতায় ব্যবহৃত টেকনিকসমূহ</p> <p>গ) অবস্থান পরিবর্তন পদ্ধতি</p> <p>ঘ) সঠিক টাইমিং ও দূরত্ব</p> <p>ঙ) সঠিক শ্বাস নিয়ন্ত্রণ</p> <p>চ) আঘাতের একত্রতা বা (KIME)</p> <p>ছ) বুনকাইয়ের ক্ষেত্রে সামঞ্জস্যতা হলো কাতায় ব্যবহার করা টেকনিক দিয়ে Bunkai করা।</p> <p>জ) শক্তিমত্তা</p> <p>ঝ) ক্ষীপ্রতা</p> <p>ঞ) শারীরিক ভারসাম্য</p> |

## 5.7 Fouls

### ৫.৭ ফাউলসমূহ

The following fouls, if apparent, must be considered:

নিম্নলিখিত ফাউল সমূহ ঘটলে Judge গণ স্কোর প্রদানের সময় বিবেচনায় রাখবে:

1. Announcing the kata before, instead of after, the bow.

১) বাউ করার পূর্বেই কাতার নাম ঘোষণা করা।

2. Minor loss of balance.

২) হালকা ভারসাম্য নষ্ট হলে

3. Performing a movement in an incorrect or incomplete manner such as failure to fully execute a block or punching off target.

৩) কোন টেকনিক ভুলভাবে বা অসম্পূর্ণভাবে প্রয়োগ করলে; যেমন অসম্পূর্ণভাবে ব্লক করলে বা পাঞ্চ সঠিক লক্ষ্যবস্তুতে আঘাত করতে ব্যর্থ হলে।

4. Asynchronous movements, such as delivering a technique before the body transition is completed, or in the case of Team Kata; failing to do a movement in unison.

৪) অসমস্থিত টেকনিক হলে, যেমন; শরীর যাওয়ার আগেই কোন টেকনিক করে ফেললে বা টিম কাতার ক্ষেত্রে দলের সকল সদস্য একই তালে কাতা করতে ব্যর্থ হলে।

5. Use of audible cues (from any other person, including other Team members) or theatrics such as stamping the feet, slapping the chest, arms, or Karategi, or inappropriate exhalation, must be considered very serious fouls by the Judges in their evaluation of the performance of the Kata – on the same level as one would penalize a temporary loss of balance.

৫) যদি কাতা করার সময় শ্রবণযোগ্য সংকেত দেয়া হয় (যেকোন ব্যক্তি বা দলের যেকোন সদস্য দিলে) বা নাটকীয় ভঙ্গিতে পা দিয়ে ম্যাটে আঘাত করা, বুক, বাহুতে বা কাঁধে গীতে চাপড় দেয়া, অপ্রয়োজনীয় বা অসঙ্গতভাবে শ্বাস ত্যাগ করা, ইত্যাদিকে খুব গুরুতর ফাউল হিসেবে ধরতে হবে এবং সাময়িক ভারসাম্য হারালে যে মাত্রায় ফাউল ধরতে হয় এগুলোকে একই মাত্রায় বিবেচনা করতে হবে।

6. Belt coming loose to the extent that it is coming off the hips during the performance.

৬) কাতা করার সময় বেল্ট এমনভাবে আলাদা হয়ে আসলে যাতে করে বেল্ট কোমর থেকে নিচে নেমে যায়।

7. Time wasting, including prolonged marching, excessive bowing, or

prolonged pause before starting the performance, including using more than 35 seconds from the name of the Competitor/Team is announced on the monitor until the first technique of the kata.

- ৭) নিম্নলিখিত কাজগুলোকে সময় ক্ষেপন হিসেবে বিবেচনা করা হবে-অতি ধীর পদক্ষেপে ম্যাটে প্রবেশ, অপ্রয়োজনীয়/অত্যাধিক বাউ করা, কাতা শুরু আগে দীর্ঘ বিরতি নেয়া, মনিটরে প্রতিযোগীর নাম ঘোষণার পর থেকে কাতার প্রথম কৌশল প্রদর্শনের মধ্যবর্তী সময় ৩৫ সেকেন্ডের বেশি হওয়া।

#### 8. Causing injury by lack of controlled technique during Bunkai.

- ৮) Bunkai এর সময় অনিয়ন্ত্রিতভাবে আঘাত করে আহত করা।

#### 9. Simulated unconsciousness for more than 2 seconds at the time as part of the Bunkai.

- ৯) বুনকাই প্রদর্শনের সময় মাটিতে পড়ে ২ সেকেন্ডের বেশী সময় অচেতন অবস্থার ভান করা।

### 5.8 Disqualification

#### ৫.৮ অযোগ্যতা

A Competitor or a Team of Competitors may be disqualified for any of the following reasons:

নিচের যে কোনো কারণে কোন কাতা প্রতিযোগী অযোগ্য ঘোষিত হতে পারে;

1. Not announcing the kata, announcing the wrong kata – or performing another kata than pre-announced to the official table.  
১) কাতার শুরুতে কাতার নাম না বললে, কাতার নাম ভুল বললে, যে কাতা করার কথা অফিসিয়াল টেবিলে বলা হয়েছে তার থেকে ভিন্ন কাতা করলে।
2. Failing to bow at the beginning and completion of the Kata performance.  
২) কাতার শুরুতে এবং শেষে বাউ করা না হলে।
3. Not starting the Kata facing the Judges.  
৩) জাজদের মুখি না হয়ে কাতা করা শুরু করলে।
4. A distinct pause or stop in the performance.  
৪) কাতার মাঝে স্পষ্টভাবে থেমে গেলে বা করা বন্ধ করলে।
5. Omitting or adding movements - or otherwise substantially change the performance from its original form.  
৫) কাতার কোন অংশ বাদ পরে গেলে বা কোন বাড়তি অংশ যোগ করলে বা মূল কাতার কাঠামোর

কোন গুরুতর পরিবর্তন ঘটালে।

6. Having to take a corrective step to recover from a total loss of balance or have a fall.

৬) পুরোপুরি ভারসাম্য হারিয়ে ফেলার পরিপ্রেক্ষিতে কোন সংশোধনমূলক স্টেপ নিলে বা পড়ে গেলে।

7. Belt falling off during the performance.

৭) কাতা করার সময় বেল্ট খুলে পরে গেলে।

8. Exceeding the total time limit of 5 minutes duration for Kata and Bunkai.

৮) কাতা এবং বুনকাই সম্মিলিতভাবে শেষ করতে ৫ মিনিটের বেশী সময় লাগলে।

9. Performing a scissor takedown technique to the neck area in Bunkai (Jodan Kani Basami).

৯) বুনকাই করার সময় ঘাঁড়ে জোদান কানি বাসামি/সিসর টেকডাউন করলে।

10. Failure to follow the instructions of the Chief Judge or other misconduct (SHIKKAKU).

১০) Chief Judge এর আদেশ অমান্য করলে বা অন্যকোন প্রকার অসদাচরণ করলে।

## 5.9 Excessive celebration and political or religious demonstrations

৫.৯ অত্যধিক উদযাপন এবং রাজনৈতিক বা ধর্মীয় অভিব্যক্তি প্রকাশ

5.9.1 Competitors are expected to respect the ceremony of salutations before and after the performance. Any excessive celebration, such as falling on one's knees etc., or political or religious expressions, during or immediately after the performance is, prohibited and will be subject to a fine equal to the amount determined by the EC for the protest fee. The Tatami Manager or Chief Referee will notify the official table.

৫.৯.১ বাউট বা ম্যাচের শুরু এবং শেষের সময় প্রত্যেক প্রতিযোগীর কারাতের আনুষ্ঠানিক অভিবাদন পদ্ধতি অনুসরণ করতে হবে। বাউটের মাঝে বা বাউট শেষে তৎক্ষণাৎ অত্যধিক উদযাপন যেমনঃ হাটু গেড়ে বসে বিজয় উদযাপন, রাজনৈতিক বা ধর্মীয় অভিব্যক্তির প্রকাশ ইত্যাদি নিষিদ্ধ এবং নির্বাহী কমিটি ফাইন ফিসেবে প্রটেষ্ট ফির সমপরিমান অর্থ আরোপ করতে পারবে। তাতামি ম্যানেজার বা চীফ রেফারি অফিসিয়াল টেবিলে অবহিত করবে।

## 5.10 Determining the winner of bout in individual competition or a Team match using the elimination system

৫.১০ ইলিমিনেশন পদ্ধতির প্রতিযোগীতায় বিজয়ী নির্ধারণের প্রক্রিয়া

5.10.1 For both individual bouts and Team matches using the elimination system, the winner is the Competitor or Team that obtains the highest score as

indicated in 5.5.

৫.১০.১ ইলিমিনেশন পদ্ধতিতে একক বাউট এবং টিম ম্যাচ উভয় ক্ষেত্রে অনুচ্ছেদ ৫.৫ এ বর্ণিত পদ্ধতিতে সর্বোচ্চ স্কোর প্রাপ্তির ভিত্তিতে বিজয়ী নির্ধারণ করা হয়ে থাকে।

#### 5.11 Determining the winner of a round-robin group and resolving ties in individual competition

৫.১১ রাউন্ড রবিন পদ্ধতির একক ইভেন্টের প্রতিযোগিতায় বিজয়ী নির্ধারণের পদ্ধতি

To determine the group winner of individual round robin-competition, and resolving ties, the following steps are taken in order of precedence to determine the winner:

রাউন্ড রবিন পদ্ধতিতে একক ইভেন্টের বিজয়ী নির্ধারণে এবং টাই এর সমাধানে নিম্নলিখিত ধাপসমূহ অগ্রাধিকার ক্রম অনুসরণ করতে হবেঃ

1) Most victory points scored for all bouts.

১) জয়ী বাউট এর বিপরীতে অর্জিত মোট পয়েন্ট।

2) Winner of the bout between the Competitors in a tie.

২) টাই হওয়া প্রতিদ্বন্দ্বীদের মাঝে অনুষ্ঠিত বাউটে বিজয়ী।

3) The highest of Sum of judges picking the Competitor as winner in all the bouts in the group.

৩) সবগুলো বাউট মিলিয়ে সর্বোচ্চ সংখ্যক জাজদের দ্বারা বিজয়ী হিসেবে মনোনীত প্রতিযোগী।

4) Competitor having the highest World Ranking.

৪) টাই হওয়া প্রতিযোগীদের মাঝে যার অবস্থান বিশ্ব র্যাঙ্কিং এ সর্বোচ্চ।

5) Performance of an extra kata for Competitors still in a tie.

৫) অতিরিক্ত একটি কাতায় করা পারফরমেন্সের ভিত্তিতে।

For each case of a tie, return to criterion 2.

প্রতিবার টাইয়ের ক্ষেত্রে ২ নম্বর ধাপে ফিরে আসতে হবে।

#### 5.12 Determining the winner of a round-robin group and resolving ties, in Team competition

৫.১২ রাউন্ড রবিন পদ্ধতির টিম ইভেন্টের প্রতিযোগিতায় বিজয়ী নির্ধারণের পদ্ধতি

To determine the group winner of a round-robin group, and resolving ties, the following steps are taken in order of precedence to determine the winner:

রাউন্ড রবিন পদ্ধতিতে টিম ইভেন্টের বিজয়ী নির্ধারণে এবং টাই এর সমাধানে নিম্নলিখিত ধাপসমূহ অগ্রাধিকার ক্রম অনুসরণ করতে হবেঃ

1) Most victory points scored for all matches.

১) জয়ী বাউট এর বিপরীতে অর্জিত মোট পয়েন্ট।

2) Winner of the match between the Teams in tie.

২) টাই হওয়া প্রতিদ্বন্দ্বীদের মাঝে অনুষ্ঠিত বাউটে বিজয়ী।

3) The highest of Sum of judges picking the Team as the winner for all the matches in the group.

৩) সবগুলো বাউট মিলিয়ে সর্বোচ্চ সংখ্যক জাজদের দ্বারা বিজয়ী হিসেবে মনোনীত টিম।

4) Performance of an extra kata for Teams still in a tie.

৪) অতিরিক্ত একটি কাতায় করা পারফরমেন্সের ভিত্তিতে।



For each case of a tie, return to criterion 2.

টাই এর প্রতিটি ক্ষেত্রে মানদণ্ড ২ এ ফিরে যান

---

## ARTICLE 6: OPERATION OF MATCHES

### অধ্যায় ৬ : ম্যাচ পরিচালনা

---

- 6.1 Before each round the Competitors or Teams must submit their chosen Kata to the assigned Runners who will relay the information to the Software Technician of the electronic judging system.
- ৬.১ প্রতি বাউন্টের শুরুতে প্রতিযোগীরা বা দলেরা অবশ্যই রানার এর কাছে তাদের নির্ধারিত কাতার নাম জমা দিবে এবং রানার সমস্ত নামগুলো 'ইলেক্ট্রনিক জাজিং সিস্টেমের' এর সফটওয়্যার অপারেটরের কাছে জমা দিবে।
- 6.2 It is the sole responsibility of the Coach, or in the absence of a Coach, the Competitor or Team, to ensure that the Kata as notified to the Runner is appropriate for that particular round.
- ৬.২ রানার এর কাছে যে কাতার নাম জমা দেয়া হয়েছে সেই কাতা উক্ত বাউন্টের জন্য যথোপযুক্ত কিনা সেটা নিশ্চিত করার দায়িত্ব কেবলমাত্র কোচের বা কোচের অনুপস্থিতিতে প্রতিযোগীর বা টিমের।
- 6.3 Should there be any discrepancy between the number and the name of the kata registered for performance, the number, as per the official WKF Kata list will prevail.
- ৬.৩ কাতার ক্রমিক নম্বর এবং কাতার নাম এই দুইয়ের মধ্যে কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে অফিসিয়াল ডব্লিউকে এফ কাতা লিস্ট অনুসারে নম্বরকেই অগ্রাধিকার দিতে হবে।
- 6.4 Individual Competitors or Teams that do not present themselves when called, or decide not to continue, will be disqualified (KIKEN) from that category. Disqualification by KIKEN means that the Competitors are disqualified from that category, although it does not affect participation in another category.
- ৬.৪ একক প্রতিযোগী হোক বা দলীয় প্রতিযোগীগন হোক, প্রতিযোগীতা চলাকালীন সময় নাম ডাকা হলে উপস্থিত হতে ব্যর্থ হলে প্রতিদ্বন্দ্বিতার অনুপযুক্ত (KIKEN) হিসেবে ঘোষিত হবে। KIKEN প্রাপ্ত হয়ে অযোগ্য ঘোষিত হলে উক্ত প্রতিযোগী বা দল উক্ত ক্যাটেগরীতে প্রতিদ্বন্দ্বীতা করতে পারবে না যদিও অন্য কোন ক্যাটেগরীতে প্রতিদ্বন্দ্বীতা করতে বাঁধা নেই।
- 6.5 The starting point for the performance is anywhere within the perimeter of the competition area.
- ৬.৫ কাতা শুরু করার নির্ধারিত কোন স্থান নেই। ম্যাচ এরিয়ার যেকোন স্থান থেকে শুরু করা যেতে পারে।

- 6.6 Where a countdown clock is provided on the monitor, the Competitor or Team is allowed 35 seconds from the name of the Competitor or Team is announced on the monitor until execution of the first technique of the kata.
- ৬.৬ যেক্ষেত্রে মনিটরের মাধ্যমে কাউন্ট ডাউন করার ব্যবস্থা থাকে, সেক্ষেত্রে প্রতিযোগী/টিমের নাম মনিটরে প্রদর্শনের পর ৩৫ সেকেন্ডের ভেতরে কাতার প্রথম টেকনিকটি শুরু করতে হবে।
- 6.7 After the bow the Competitor or Team must clearly announce the name of the Kata that is to be performed and then start the performance.
- ৬.৭ বাও করার পর প্রতিযোগীরা সুস্পষ্ট শব্দে কাতার নাম উচ্চারণ করবে এবং কাতা প্রদর্শন শুরু করবে।
- 6.8 When is the Competitor or the Team is called (as soon as the Competitor or team's name appears on the screen), the Competitor or Team must promptly proceed to the starting point for the Kata, facing the Judges without any prolonged marching. After the bow, the name of the kata will be announced, and the performance will begin without any further delay.
- ৬.৮ প্রতিযোগী বা টিম এর নাম ডাকা হলে (প্রতিযোগী বা টিমের নাম স্ক্রীনে প্রদর্শিত হলে), দ্রুতলয়ে কাতা শুরুর নির্ধারিত স্থানে, জাজদের দিকে মুখ করে, উপস্থিত হতে হবে। বাও পরবর্তীতে কাতার নাম ঘোষণার মাধ্যমে কোন প্রকার সময়ক্ষেপন না করে দ্রুত পারফরমেন্স শুরু করতে হবে।
- 6.9 The match begins with a bow to the judges and then the Competitors bow to each other. The Competitor/Team with the red belt (AKA) performs the kata first, followed by the Competitor/Team with the blue belt (AO) upon completion of AKA's kata. The Competitor/Team not performing is to stand next to the perimeter of the competition area and refrain from moving or talking to avoid disturbing the other Competitor(s) performance.
- ৬.৯ ম্যাচের শুরুতে প্রতিযোগীগন প্রথমে জাজদের এবং তৎপরবর্তীতে পরস্পরকে বাও করবে। লাল বেল্ট পরিহিত প্রতিযোগী/ টিম প্রথমে কাতা প্রদর্শন করবে এবং তাদের পারফরমেন্স শেষ হওয়ার পরপর নীল বেল্ট পরিহিত প্রতিযোগী/ টিম কাতা প্রদর্শন করবে। সর্ববিস্তারিত অপেক্ষারত টিম, প্রতিযোগীতার স্থানের প্রান্তসীমার বাইরে এমনভাবে অবস্থান করবে যাতে তাদের কোন প্রকার কার্যকলাপ বা কথাবার্তায় অন্য প্রতিযোগীদের পারফরমেন্সকে প্রভাবিত না করে।
- 6.10 At the end of the performance, which is defined as the final bow in the Kata, the Competitor(s) must return to the end of the competition area to wait for the announcement of the winner.
- ৬.১০ চূড়ান্ত বাও করার মাধ্যমে কাতা পারফরমেন্সের সমাপ্তির পর প্রতিযোগীরা অবশ্যই প্রতিযোগীতার স্থানের প্রান্তসীমায় গিয়ে অবস্থান নিবে এবং বিজয়ী ঘোষণার জন্য অপেক্ষা করবে।

- 6.11 When a Competitor or Team has completed the Kata the judges (including the Chief Judge) give their score by electronic device.
- ৬.১১ প্রতিযোগী বা টিমের কাতা করা শেষ হলে জাজগন (চীফ জাজ সহ) ইলেক্ট্রনিক পদ্ধতি ব্যবহার করে স্কোর প্রদান করবে।
- 6.12 Once the announcement of the winner is given the Competitors or Teams will upon the signal “OTAGAI NI REI” bow to each other, and on “SHOMEN NI REI” bow to the Judges and leave the Tatami.
- ৬.১২ বিজয়ী ঘোষণার পর প্রতিযোগীগন বা টিম সমূহ নির্দেশিত হয়ে প্রথমে পরস্পরকে ওতাগাই নি রে এবং তৎপরবর্তীতে জাজদেরকে 'সোমেন নি রে' করে তাতামী ত্যাগ করবে।

---

## ARTICLE 7: OFFICIAL PROTEST

### অধ্যায় ৭ : অফিসিয়াল প্রটেস্ট

---

#### 7.1 General provisions

##### ৭. সাধারণ বিধানসমূহ

7.1.1 No one may protest about a Judgement to the members of the Refereeing Panel.

৭.১.১ রেফারিং প্যানেলের সদস্যদের প্রদত্ত সিদ্ধান্তের ব্যাপারে কেউই আপত্তি করতে পারবে না।

7.1.2 If a Refereeing procedure appears to contravene the rules, the Competitor's Coach or his/her official representative are the only ones allowed to make a protest.

৭.১.২ যদি বিচার প্রক্রিয়ার কোন বিষয় আইনের সাথে সাংঘর্ষিক হয় তাহলে কেবলমাত্র প্রতিযোগীর কোচ বা তার অফিসিয়াল প্রতিনিধি প্রটেস্ট করতে পারবে।

7.1.3 The protest will take the form of a written report submitted immediately after the bout in which the protest was generated. The sole exception is when the protest concerns an administrative malfunction.

৭.১.৩ প্রটেস্ট করতে হলে যে বাউট সম্পর্কে প্রটেস্ট করা হবে সেটা বাউট সমাপ্তির সাথে সাথেই লিখিত রিপোর্ট আকারে করতে হবে। একমাত্র ব্যতিক্রম হলো যদি প্রটেস্ট কোন প্রশাসনিক ত্রুটি নিয়ে করা হয়।

7.1.4 Any protest concerning application of the rules must not necessarily impede the progression of the competition and the intent to protest should be announced by the Coach or NF representative immediately after the end of the bout.

৭.১.৪ আইনের প্রয়োগ নিয়ে কোন প্রটেস্ট করা হলে প্রতিযোগীতা বন্ধ করে তা সমাধান করার প্রয়োজন নেই। বাউট শেষের সাথে সাথেই কোচ বা ন্যাশনাল ফেডারেশনের প্রতিনিধিকে বিষয়টির ঘোষণা দিতে হবে।

7.1.5 The Coach / NF representative will request the official protest form [APPENDIX 3] from the Tatami Manager and will be expected to have it completed, signed, and delivered to the Tatami Manager with the corresponding fee within 5 minutes after announcing the intent to protest.

৭.১.৫ কোচ বা ন্যাশনাল ফেডারেশনের প্রতিনিধি Tatami Manager এর নিকটে protest form এর জন্য আবেদন করবে এবং কালবিলম্ব না করে তা সঠিকভাবে পূরণ ও স্বাক্ষরিত করে Protest Fee সহ Tatami Manager এর নিকট জমা দিবে।

7.1.6 Failure of a Coach / NF representative to deliver a protest in a timely manner can lead to its rejection if such delay, in the opinion of the Appeals Jury, is without reasonable justification and impedes the progression of the competition.

৭.১.৬ যদি কোচ বা প্রতিনিধি যথাসময়ে প্রটেস্ট জমা দিতে ব্যর্থ হয় এবং আপীল জুড়িদের কাছে এধরনের বিলম্ব যদি যুক্তিসংগত মনে না হয় এবং এটি প্রতিযোগীতার স্বাভাবিক গতিকে ব্যাহত করেছে বলে মনে করে, তবে প্রটেস্ট প্রত্যাখ্যাত হতে পারে।

।

7.1.7 The Tatami Manager will immediately add in the names of the officials and hand the completed protest form to a representative of the Appeals Jury. The Appeals Jury will without delay review the circumstances leading to the protested decision. Having considered all the facts available, they will produce a report, and shall be empowered to take such action as may be called for. The protest will be reviewed by the Appeals Jury and as part of this review, the Jury will study the evidence available in support of the protest.

৭.১.৭ তাতামি ম্যানেজার, প্রটেস্ট সংশ্লিষ্ট বাউন্ডের সাথে জড়িত অফিশিয়ালদের তথ্য সংযুক্ত করে তার কাছে জমাকৃত প্রটেস্ট এর ফরম্যাট তৎক্ষণাৎ Appeal Jury এর একজন প্রতিনিধির কাছে হস্তান্তর করবে। Appeal Jury গণ তৎক্ষণাৎ যে বিষয়ে প্রটেস্ট হয়েছে তার সার্বিক কারণ পর্যালোচনা করবে। সববিষয় বিবেচনায় এনে Appeals Jury তাদের রিপোর্ট প্রস্তুত করবে এবং এধরনের প্রটেস্টের সমাধানে প্রয়োজনীয় যেকোন কিছু করার জন্য Appeals Jury ক্ষমতা প্রাপ্ত হয়ে থাকে। Appeals Jury গণ উপস্থাপিত প্রটেস্টটি পর্যালোচনা করবে এবং সে প্রক্রিয়ার অংশ হিসেবে যে সকল প্রমাণ/উপাত্ত পাওয়া যাচ্ছে তা মূল্যায়ন করবে।

7.1.8 The protest may also be directly decided and announced to the Appeals Jury by the RC Chairman or the Chief Referee of the event, in which case no payment of a protest fee will be applicable.

৭.১.৮ রেফারী কমিশন চেয়ারম্যান বা চীফ রেফারীও সরাসরি Appeal Jury এর কাছে প্রটেস্ট জ্ঞাপন করতে পারে। এই ক্ষেত্রে কোন প্রটেস্ট ফির প্রয়োজন হবে না।

7.1.9 In case of an administrative malfunction during a bout in progress, the Coach can notify the Tatami Manager directly. In turn, the Tatami Manager will notify the Chief Judge.

৭.১.৯ কোন প্রশাসনিক বিচ্যুতি পরিলক্ষিত হলে কোচ সরাসরি Tatami Manager কে জানাতে পারবে। Tatami Manager বিষয়টি চীফ জাজকে অবহিত করবে।

